গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী: নভেম্বর ২০২৪**

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ: ২৪ শে ডিসেম্বর, ২০২৪ সময়: ০৩:০০ ঘটিকা
স্থান: প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা হাজিরা: পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত নভেম্বর মাসের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য কমিউনিকেশন অফিসারকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্টের সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | ল্যান্ড গেজের স্থানিক মানচিত্র প্রণয়ন | প্রকল্প এলাকায় ইতোমধ্যে স্থাপিত ৬০টি ল্যান্ড গেজের Geo-spatial data'র সাহায্যে তিন জেলার জন্য পৃথক তিনটি মানচিত্র প্রণয়ন করা হয়েছে যা সভায় উপস্থাপন করা হয় এবং মানচিত্রের বিভিন্ন ফিচার নিয়ে আলোচনা করা হয়। | ক) ল্যান্ড গেজের মানচিত্রে ছকের মাধ্যমে প্রতিটি জেলায় স্থাপিত ল্যান্ড গেজের সংখ্যা প্রদর্শন করতে হবে।<br>খ) এছাড়াও লিজেন্ড, দিক নির্দেশক চিহ্ন ও স্কেল সঠিক স্থানে বসাতে হবে। | টিম লিডার, প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার |
| ০৩। | স্বেচ্ছাসেবক দল গঠন ও প্রশিক্ষণ কার্যক্রম | ইতোমধ্যে গাইবান্ধা, জামালপুর ও কুড়িগ্রাম জেলার ৬১টি ইউনিয়নের ১,৬৪৭ জন স্বেচ্ছাসেবকের তথ্য সংগ্রহ করা হয়েছে। দ্রুততম সময়ে স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে প্রস্তুতি নিয়ে সভায় আলোচনা হয়। | ক) জানুয়ারী মাসের প্রথম সপ্তাহের মধ্যে একটি প্রশিক্ষণ সূচী তৈরি করে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) সকল ব্যাচের প্রশিক্ষণ ১৫ এপ্রিলের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও রিজিওনাল কোঅর্ডিনেটর |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪। | স্বেচ্ছাসেবকদের নিরাপত্তা সরঞ্জাম | নিরাপত্তা সরঞ্জামের (লাইফ ভেস্ট ও ক্যাপ) নকশা চূড়ান্ত হয়েছে এবং ক্রয়ের প্রক্রিয়া চলমান রয়েছে। | নিরাপত্তা সরঞ্জাম ক্রয়ের প্রক্রিয়া সম্পন্ন করে সেগুলো স্বেচ্ছাসেবকদের বিতরণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৫। | কিয়স্ক (KIOSK) ড্যাশবোর্ড অ্যাপ্লিকেশন | বন্যার আগাম সতর্কবার্তা এবং আবহাওয়া ও বন্যা সম্পর্কিত অন্যান্য তথ্য কমিউনিটি পর্যায়ে প্রচারের জন্য প্রকল্প হতে ১৯ টি উপজেলায় কিয়স্ক (KIOSK) ড্যাশবোর্ড স্থাপনের প্রক্রিয়া চলমান রয়েছে। প্রকল্প হতে ইতোমধ্যে তৈরীকৃত কিয়স্ক অ্যাপ্লিকেশনটি উপস্থাপন ও অনুমোদনের জন্য অংশীজনদের নিয়ে একটি আলোচনা সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | আগামী ০৬ জানুয়ারী অংশীজনদের আলোচনা সভায় কিয়স্ক অ্যাপ্লিকেশনটি উপস্থাপন করে ফিডব্যাক গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৬। | Post-monsoon assessment | জুলাই ও সেপ্টেম্বর মাসের বন্যা মৌসুমে প্রকল্প হতে বন্যা কবলিত এলাকায় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নিকট প্রদত্ত ভয়েস মেসেজের কার্যকারিতা ও প্রকল্প এলাকায় এর সুফল জানতে মাঠ-পর্যায়ে জরিপ পরিচালনার বিষয়ে আলোচনা হয়। ইতোমধ্যে তথ্যপ্রদানকারীদের সাক্ষাৎকার (KII) ও খানা-ভিত্তিক জরিপ পরিচালনা করার জন্য প্রশ্নমালা প্রস্তুত করা হয়েছে। অংশীজনদের সাথে অনুষ্ঠেয় আলোচনা সভায় এই প্রশ্নমালা পর্যালোচনা করে সকলের মতামত গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | জরিপের জন্য প্রস্তুতকৃত প্রশ্নমালা আগামী ০৬ জানুয়ারী অনুষ্ঠেয় অংশীজনদের আলোচনা সভায় পর্যালোচনার পর চূড়ান্ত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৭। | Technical Advisory Committee (TAC) সভা | প্রকল্পের অগ্রগতি ও আসন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করতে Technical Advisory Committee'র একটি সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। এ সভায় আগামী ০৬ জানুয়ারী অনুষ্ঠেয় অংশীজনদের আলোচনা সভা থেকে কিয়স্ক অ্যাপ্লিকেশনের উপর প্রাপ্ত মতামতসহ অ্যাপ্লিকেশনটি কমিটির সদস্যদের সামনে উপস্থাপন | ক) আগামী ০৬ জানুয়ারী Technical Advisory Committee'র সভা আয়োজন করতে হবে।<br><br>খ) সভায় কিয়স্ক অ্যাপ্লিকেশনটি উপস্থাপন পূর্বক মতামত গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও জিআইএস স্পেশালিস্ট |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ও অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | | |
| ০৮। | বন্যার আগাম সতর্কতা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে জাতীয় পর্যায়ের অংশীজনদের প্রশিক্ষণ | জাতীয় পর্যায়ের সংশ্লিষ্ট পেশাজীবী ও অংশীজনদের (DDM, BWDB, DLS, DAE etc.) নিয়ে বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | সকল প্রস্তুতি সম্পন্ন করে আগামী ০৭ জানুয়ারী প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের পদক্ষেপ নিতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৯। | বার্ষিক কর্মশালা ২০২৪ আয়োজন | জানুয়ারী মাসে বার্ষিক কর্মশালা ২০২৪ আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | সকল প্রস্তুতি সম্পন্ন করে জানুয়ারী মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে বার্ষিক কর্মশালা ২০২৪ আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও জিআইএস স্পেশালিস্ট |
| ১০। | স্থানীয় পর্যায়ে বন্যার আগাম সতর্কতা ও ডিএমসি পোর্টাল বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও পানি-সমতল গেজ স্থাপনের জন্য সম্ভাব্য স্থান পরিদর্শন | জানুয়ারী মাসে কুড়িগ্রামের চর রাজিবপুর উপজেলায় বন্যার আগাম সতর্কতা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা ও পানি-সমতল গেজ স্থাপনের জন্য সম্ভাব্য স্থান পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি, কুড়িগ্রামের চর রাজিবপুর ও রৌমারী উপজেলায় ডিএমসি পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | জানুয়ারী মাসের চতুর্থ সপ্তাহের মধ্যে প্রশিক্ষণসমূহ ও সংশ্লিষ্ট এলাকা পরিদর্শনের আয়োজন করতে হবে। | জিআইএস স্পেশালিস্ট ও রিজিওনাল কোঅর্ডিনেটর |

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/১/২০২৫

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৯০ | তারিখ: ০৭-০১-২০২৫ খ্রিঃ

**<u>অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:</u>**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

04/05/2024

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট